দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 12 JAN 2010
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ......

# পলিটেকনিক ডিপ্লোমাধারীদের উচ্চ শিক্ষার সুযোগ তৈরির উদ্যোগ

দেশের বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ডিপ্লোমাধারীরা যাতে সহজে প্রকৌশল বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী নিতে পারে সে বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করেছে সরকার। রবিবার সরকারি তথ্য বিবরণীতে এ কথা বলা হয়েছে।

কমিটির আহবায়ক করা হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর মোশাররফ হোসেন খানকে। এ কমিটি প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ে ডিপ্লোমাধারীদের ক্রেডিট সমন্বয়ের মাধ্যমে স্নাতক প্রকৌশল বিষয়ে পড়ার সুযোগ সৃষ্টির লক্ষ্যে সুপারিশমালা প্রণয়ন করবে। কমিটিতে সদস্য হিসাবে প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও আহসানউল্লাহ্ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের একজন করে প্রতিনিধি থাকবেন। এছাড়া কমিটিতে সদস্য হিসাবে থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য পর্যায়ের একজন প্রতিনিধি, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ডের পরিচালক (কারিকুলাম), ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ, চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ এবং শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব (বিশ্ববিদ্যালয়)।